

উপজেলা কৃষি ও সেচ কমিটির কার্যবিবরণীঃ

সভার তারিখ : ০৯/০৩/২০২৩ খ্রিঃ সকাল : ১১.০ ঘটিকায়
 সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
 সভাপতি : জনাব নাহিদ খান, উপজেলা ভাইস চেয়ারম্যান।
 টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

ক্রমিক নং	উপস্থিতির নাম	পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	মোঃ রোকুনুজ্জামান সিকদার	চেয়ারম্যান, বেতকা ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০২	মোঃ আকতার হোসেন মোল্লা	চেয়ারম্যান, ধীপুর ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৩	মিলেনুর রহমান মিলন	চেয়ারম্যান, পাঁচগাও ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৪	জয়নুল আলম তালুকদার	উপজেলা কৃষি অফিসার	সদস্য সচিব	স্বাক্ষরিত

প্রথমে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতক্রমে সদস্য সচিব বলেন যে, নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা করা প্রয়োজন।

ক্রঃ নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।	সভায় আলোচনা পর্যালোচনা শেষে কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	সভাপতি ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
০২	ভুট্টার আবাদ বৃদ্ধিকরার : উপজেলা কৃষি অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি মহোদয় জানান যে, টংগিবাড়ী উপজেলায় ২০২২-২৩ মৌসুমে কৃষকরা প্রায় ৯৫০০ হাজার হেক্টর জমিতে আলু চাষাবাদ হয়েছে। বর্তমানে উপজেলার বিভিন্ন জায়গায় আলু উত্তোলন শুরু হয়েছে। বর্তমানে ভুট্টার চাহিদা ও বাজার মূল্য বেশি হওয়ায় এটি একটি লাভজনক ফসল। তাই আলু উত্তোলনের পর জমি পতিত না রেখে ভুট্টার আবাদ বৃদ্ধি করা প্রয়োজন।	আলু উত্তোলনের পর কৃষকদের কে উদ্বুদ্ধ করে ভুট্টা আবাদ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
০৩	বিবিধ : উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব আরো জানান যে, টংগিবাড়ী উপজেলায় বেতকা ইউনিয়নে ব্যাপক পরিসরে নিরাপদ ফসল উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে।	নিরাপদ ফসল উৎপাদন কার্যক্রম চলমান রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

সভায় বিশেষ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

Naheed Khan
০৯.০৩.২৩

নাহিদ খান

উপজেলা ভাইস চেয়ারম্যান
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি,
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

Naheed Khan